

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
ময়মনসিংহ
coop.mymensinghdiv.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০০.৩৬.০২১.১৬. ২২৬৮

তারিখ: ২৩/০৬/২০২২ খ্রি:।

বিষয়: নেত্রকোণা জেলাধীন নেত্রকোণা কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান সংক্রান্ত।

সূত্র: জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা এর স্মারক নং- ৪৭.৬১.৭২৫৬.০০০.৩২.০০৮.১২.৮৬৩, তারিখ: ২৯/০৫/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি:, রেজি: নং- ৯৮, তারিখ: ০৬/১২/১৯৭৩ খ্রি: এর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট ৩১/১২/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ধারা ১৭(৩) মোতাবেক নিরীক্ষা কাজ সম্পন্ন হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের বিধান থাকলেও তা সম্পন্ন করা হয়নি। একই আইনের ধারা ১৭(৬) তে আইন ও বিধি মোতাবেক যথাসময়ে সাধারণ সভা অনুষ্ঠানের ব্যর্থ হইলে তজ্জন্য দায়ী ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সদস্য বা সদস্যগণকে উক্ত সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির পরবর্তী নির্বাচনে সদস্য হওয়ার ক্ষেত্রে ০৩ বছরের জন্য অযোগ্য হইবেন। উল্লেখ্য, একই আইনের ধারা ১৭(৭) এর বিধান মোতাবেক পর পর তিন বৎসর কোন সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত না হলে উক্ত সমিতি অবসায়নের যোগ্য বলে নিবন্ধক আদেশ দেয়ার এবং কার্যক্রম গ্রহণ করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান না হওয়ায় কেন ব্যবস্থাপনা কমিটির বিলুপ্তি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যাসহ বিগত ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সনের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী আগামী ০৭/০৭/২০২২ খ্রি: তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সভাপতি

নেত্রকোণা কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি:
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

মো: মশিউর রহমান
যুগ্মনিবন্ধক

ফোন: ০২৯৯৬৬৬৮১৯৬

jrmymensingh16@gmail.com

জ্ঞাতার্থে অনুলিপি:

০১. উপজেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২. জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা।
০৩. সমিতির ব্যক্তিগত নথি।